# ত্রয়োদশ অধ্যায়: বাংলাদেশ সরকারের অর্থ ও ব্যাংক ব্যবস্থা

## পরীক্ষায় কমন পেতে অনন্য প্রশ্নোত্তর

**প্রশ্ন ▶ ১** রবি ফরিদপুর সরকারি জেলা স্কুলে দশম শ্রেণিতে পড়ে। তার বাবা বাংলাদেশের অর্থমন্ত্রণালয়ে চাকরি করেন এবং তার চাচা একজন সেনাবাহিনীর কর্মকর্তা। তার বাবা ও চাচা সরকারকে নিয়মিত কর দেন। একদিন তার চাচা বললেন, "সরকার তোমার, তোমার বাবা ও আমার জন্য ব্যাপক অর্থ খরচ করে। কেননা, এগুলো সরকারের ব্যয়ের প্রধান খাত।" ◀ *শিখনফল-১ ও ২*

ক. কোন ব্যাংক একটি দেশের সর্বোচ্চ আর্থিক প্রতিষ্ঠান? ১
খ. নিকাশ ঘর বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে রবির চাচার মাধ্যমে বাংলাদেশ সরকারের ব্যয়ের কোন খাতগুলো নির্দেশ করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. তুমি কি মনে কর রবির বাবা ও চাচা সরকারের এই ব্যয় মেটাতে কোনো ভূমিকা পালন করে? বিশ্লেষণ কর। ৪

**১ নং প্রশ্নের উত্তর**

**ক** কেন্দ্রীয় ব্যাংক একটি দেশের সর্বোচ্চ আর্থিক প্রতিষ্ঠান।

**খ** কেন্দ্রীয় ব্যাংক বা বাংলাদেশ ব্যাংক নিকাশ ঘর হিসেবে দায়িত্ব পালন করে।

কেন্দ্রীয় ব্যাংক বিভিন্ন ব্যাংকের পারস্পরিক দেনা-পাওনার ক্লিয়ারিং হাউস বা নিকাশ ঘর হিসেবে দায়িত্ব পালন করে। দৈনন্দিন ব্যবসা-বাণিজ্য সংক্রান্ত চেক আদান-প্রদানের ফলে বাণিজ্যিক ব্যাংকসমূহের মধ্যে দেনা-পাওনার সৃষ্টি হয়। কেন্দ্রীয় ব্যাংক বিভিন্ন ব্যাংকের মধ্যে চেকের মাধ্যমে আন্তঃব্যাংক দেনা-পাওনা মেটায়। এ দায়িত্ব পালন করার কারণে কেন্দ্রীয় ব্যাংককে বলা হয় নিকাশ ঘর।

**গ** উদ্দীপকে রবির চাচার মাধ্যমে বাংলাদেশ সরকারের ব্যয়ের প্রতিরক্ষা, বেসামরিক প্রশাসন ও শিক্ষা এই তিনটি খাতকে নির্দেশ করা হয়েছে।

প্রতিরক্ষা সরকারি ব্যয়ের অন্যতম প্রধান খাত। প্রতিরক্ষা বাহিনীর কর্মকর্তা-কর্মচারীর বেতন, ভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধা প্রদানের জন্য খরচ, যুদ্ধের অস্ত্রশস্ত্র, সাজ-সরঞ্জাম ক্রয় ইত্যাদি বাবদ বাংলাদেশ সরকার প্রচুর অর্থ ব্যয় করে। আবার বাংলাদেশ সরকার বিভিন্ন মন্ত্রণালয় এবং তাদের নিয়ন্ত্রণে পরিচালিত বিভাগসমূহের পরিচালনা ও উন্নয়ন, কর্মচারীদের বেতন ভাতা ইত্যাদির জন্য উল্লেখযোগ্য পরিমাণ অর্থ ব্যয় করে। শিক্ষা খাতে বাংলাদেশ সরকার প্রচুর অর্থ ব্যয় করে। সরকারি শিক্ষা প্রতিষ্ঠান, বেসরকারি বিদ্যালয়, কলেজ, মাদ্রাসার জন্য অনুদান, উপবৃত্তি, বিনামূল্যে পাঠ্যপুস্তক প্রদানসহ নানা কার্যক্রমে বর্তমানে ব্যয় অনেক বৃদ্ধি পেয়েছে।

উদ্দীপকের রবি একজন ছাত্র, তার বাবা অর্থমন্ত্রণালয়ের কর্মকর্তা এবং তার চাচা সামরিক কর্মকর্তা। এতে বোঝা যায় সরকার রবির জন্য শিক্ষা খাতে, তার বাবার জন্য বেসামরিক প্রশাসন এবং তার চাচার জন্য সামরিক খাতে ব্যয় করে। রবির চাচা সরকারের ব্যয়ের এই খাতগুলোর কথাই বলেছেন।

**ঘ** হ্যাঁ, আমি মনে করি রবির বাবা ও চাচা বিভিন্ন ধরনের কর ও শুল্ক প্রদানের মাধ্যমে সরকারের বিভিন্ন ব্যয় মেটাতে ভূমিকা রাখেন।

বাংলাদেশ সরকার তার ব্যয় মেটাতে জনগণের ওপর বিভিন্ন ধরনের কর ও শুল্ক আরোপ এবং তা আদায় করে। এক্ষেত্রে সরকারের আয়ের উৎসগুলোর মধ্যে আয়কর, মূল্য সংযোজন কর, আবগারি শুল্ক, ভূমি রাজস্ব প্রভৃতি অন্যতম। আয়কর হলো জনসাধারণের ব্যক্তিগত আয়ের ওপর ধার্য কর। মূল্য সংযোজন কর হলো দেশে আমদানিকৃত, স্থানীয়ভাবে উৎপাদিত পণ্য ও নির্ধারিত কতগুলো সেবা খাতের ওপর ধার্য কর।

উদ্দীপকের রবির বাবা ও চাচা সরকারি কর্মকর্তা। তারা সরকারকে তাদের আয়ের ওপর ধার্যকৃত আয়কর প্রদান করেন। তারা যখন কোনো প্রয়োজনীয় দ্রব্য ক্রয় করেন তখন তার সাথে মূল্য সংযোজন কর প্রদান করে থাকেন। সরকার চা, চিনি, কেরোসিন, ওষুধ দিয়াশলাই প্রভৃতি দ্রব্যের ওপর আবগারি শুল্ক ধার্য করেছে। তারা যখন এই দ্রব্যগুলো ক্রয় করেন তখন আবগারি শুল্ক প্রদান করে থাকেন। এছাড়া ভূমি ভোগ দখলের জন্য ভূমি রাজস্ব, দলিলপত্র নিবন্ধনের জন্য রেজিস্ট্রেশন ফি, সম্পত্তি কর, পেট্রোল ও গ্যাসের ওপর নির্ধারিত শুল্ক প্রভৃতি প্রদান করে থাকেন। আর সরকার এসব কর ও শুল্ক আদায় করে বিভিন্ন খাতের ব্যয় নির্বাহ করে।

অতএব বলা যায়, রবির বাবা ও চাচা বিভিন্ন ধরনের কর ও শুল্ক প্রদান করে সরকারকে ব্যয় মেটাতে অবদান রাখেন।

**প্রশ্ন ▶ ২** মিসেস শায়লা হক 'ক' নামক একটি আর্থিক প্রতিষ্ঠানে কর্মরত আছেন। সেটি জনগণের কাছ থেকে কোনো অর্থ জমা রাখে না, বরং 'খ' নামক অন্য আর্থিক প্রতিষ্ঠানের অর্থ জমা রাখার পাশাপাশি ঋণও নিয়ন্ত্রণ করে। ◀ *শিখনফল-৩ ও ৪*

ক. বাংলাদেশে সরকারের কত বিঘা পর্যন্ত জমির খাজনা মওকুফ করেন? ১
খ. গ্রামীণ ব্যাংক কেন বিনা জামানতে ব্যাংকিং সুবিধা প্রদান করে? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত 'খ' নামক আর্থিক প্রতিষ্ঠানের কার্যাবলি ব্যাখ্যা কর। ৩
ঘ. ঋণ নিয়ন্ত্রণ 'ক' নামক আর্থিক প্রতিষ্ঠানের একমাত্র কাজ নয়— মূল্যায়ন কর। ৪

**২ নং প্রশ্নের উত্তর**

**ক** সরকার ২৫ বিঘা পর্যন্ত জমির খাজনা মওকুফ করেছেন।

**খ** গ্রামীণ মহাজনদের শোষণ থেকে গরিব মানুষকে রক্ষা করার লক্ষ্যে গ্রামীণ ব্যাংক বাংলাদেশের দরিদ্র পুরুষ ও নারীদেরকে বিনা জামানতে ঋণ সুবিধা দেয়।

গ্রামীণ ব্যাংক বাংলাদেশের একটি ব্যতিক্রমধর্মী ব্যাংক। এটি গ্রামের ভূমিহীন নারী ও পুরুষদের ঋণদানের জন্য একটি বিশেষ অর্থলগ্নীকারী প্রতিষ্ঠান। এর মাধ্যমে গ্রামের দরিদ্র নারী ও পুরুষদের বিনা জামানতে ঋণ দেওয়া হয়। বর্তমানে এ ব্যাংক গ্রামের বিশাল বেকার জনগোষ্ঠীর জন্য স্ব-কর্মসংস্থানের সুযোগ সৃষ্টিতে ব্যাপক ভূমিকা রাখছে।

**গ** উদ্দীপকে উল্লিখিত 'খ' নামক আর্থিক প্রতিষ্ঠান হলো বাণিজ্যিক ব্যাংক।

বাণিজ্যিক ব্যাংকের অন্যতম প্রধান কাজ হলো জনসাধারণের কাছ থেকে আমানত গ্রহণ করা। ব্যাংকের আমানত সাধারণত তিন প্রকারের— চলতি, সঞ্চয়ী ও স্থায়ী আমানত। ঋণ দেওয়া বাণিজ্যিক ব্যাংকের আরেকটি গুরুত্বপূর্ণ কাজ। জনসাধারণের কাছ থেকে গৃহীত অর্থের একটি নির্দিষ্ট অংশ গচ্ছিত রেখে অবশিষ্ট অর্থ এই ব্যাংক ব্যবসায়ী ও শিল্পপতিদেরকে ঋণ হিসেবে দিয়ে থাকে। বিনিময়ের মাধ্যম সৃষ্টি করা বাণিজ্যিক ব্যাংকের অন্যতম কাজ। কাগজী নোট প্রচলনের ক্ষমতা কেবল কেন্দ্রীয় ব্যাংকের। তবে বাণিজ্যিক ব্যাংকগুলো চেক, ব্যাংক ড্রাফট, হুন্ডি, পে-অর্ডার, ভ্রমণকারীর ঋণপত্র ইত্যাদি বিনিময়ের মাধ্যম সৃষ্টি করে। এ সবের মাধ্যমে নিরাপদে এবং দ্রুত টাকা স্থানান্তর করা যায়। বাট্টা ধার্য করে বিনিময় বিল ভাঙিয়ে দেওয়াও বাণিজ্যিক ব্যাংকের আরেকটি গুরুত্বপূর্ণ কাজ। নির্দিষ্ট মেয়াদের মধ্যে টাকার প্রয়োজন হলে বিনিময় বিলের মালিক বাণিজ্যিক ব্যাংক থেকে তা ভাঙিয়ে নগদ টাকা নিতে পারে।

এছাড়াও বাণিজ্যিক ব্যাংক বন্ড, শেয়ার, ডিবেঞ্চার ক্রয়-বিক্রয় করে। পাশাপাশি গ্রাহকদের বাড়ি ভাড়া, আয়কর, বিমার প্রিমিয়াম, টেলিফোন ও বিদ্যুৎ বিল ইত্যাদি পরিশোধে সহায়তা করে। সামাজিক দায়িত্ববোধ থেকে ব্যাংকগুলো কিছু জনকল্যাণমূলক কাজও করে থাকে।

উদ্দীপকে 'ক' প্রতিষ্ঠানটি 'খ' নামের প্রতিষ্ঠানের টাকা জমা রাখার পাশাপাশি ঋণও নিয়ন্ত্রণ করে। এক্ষেত্রে 'খ' প্রতিষ্ঠানটি হলো বাণিজ্যিক ব্যাংক। আর বাণিজ্যিক ব্যাংক ওপরের এ কাজগুলো করে থাকে।

**ঘ** উদ্দীপকের 'ক' নামের আর্থিক প্রতিষ্ঠান হলো কেন্দ্রীয় ব্যাংক। ঋণ নিয়ন্ত্রণ ছাড়াও এ ব্যাংক বিভিন্ন গুরুত্বপূর্ণ কাজ করে থাকে।

দেশের কাগজী মুদ্রার প্রচলন ও মুদ্রা ব্যবস্থা স্থিতিশীল রাখা কেন্দ্রীয় ব্যাংকের গুরুত্বপূর্ণ কাজ। কেন্দ্রীয় ব্যাংকের প্রচলন করা মুদ্রাই দেশের 'চিহ্নিত মুদ্রা'। কেন্দ্রীয় ব্যাংক সরকারের অভ্যন্তরীণ ও বৈদেশিক আর্থিক লেনদেন, দেনা-পাওনার হিসাব নিকাশ ও ব্যবস্থাপনার দায়িত্ব পালন করে। এই ব্যাংক সরকারের অর্থ জমা রাখে, প্রয়োজনে সরকারকে ঋণ এবং আর্থিক ব্যাপারে পরামর্শ দেয়। কেন্দ্রীয় ব্যাংক বিভিন্ন ব্যাংকের পারস্পরিক দেনা-পাওনা মেটাতে ক্লিয়ারিং হাউজ বা নিকাশ ঘর হিসেবে দায়িত্ব পালন করে। অন্য ব্যাংকগুলোকে তাদের মূলধনের নির্দিষ্ট অংশ কেন্দ্রীয় ব্যাংকে জমা রাখতে হয়। এ সব কারণে কেন্দ্রীয় ব্যাংককে বলা হয় অন্যান্য ব্যাংকের ব্যাংক। এ ছাড়া কেন্দ্রীয় ব্যাংক অন্যান্য দেশের মুদ্রার সাথে দেশের মুদ্রার বিনিময় হার নির্দিষ্ট করে এবং বৈদেশিক মুদ্রা ক্রয়-বিক্রয় করে।

উদ্দীপকে বলা হয়েছে 'ক' প্রতিষ্ঠান জনগণের টাকা জমা না রেখে 'খ' প্রতিষ্ঠানের অর্থ জমা রাখে ও ঋণ নিয়ন্ত্রণ করে। এতে বোঝা যায়, 'ক' হলো কেন্দ্রীয় ব্যাংক যা ঋণ নিয়ন্ত্রণ ছাড়াও উপরোল্লিখিত কাজ করে।

সুতরাং উপরের আলোচনা থেকে আমরা বলতে পারি, ঋণ নিয়ন্ত্রণ ছাড়াও কেন্দ্রীয় ব্যাংক অনেক গুরুত্বপূর্ণ কাজ করে।

## সৃজনশীল প্রশ্নব্যাংক

### ➤ উত্তর সংকেতসহ প্রশ্ন

**প্রশ্ন ▶৩** লুনা গত সপ্তাহে মিরপুর জাতীয় চিড়িয়াখানা ঘুরে এসেছে। বাড়ি এসে সে তার বড় ভাইয়ের কাছে জানতে চায় তার চিড়িয়াখানাতে প্রবেশ বাবদ যে টিকেট ক্রয় করেছে সে অর্থ কে পায়। তার বড় ভাই বলে এই অর্থ বাংলাদেশ সরকার পেয়ে থাকে। শুধু তাই নয়, সরকার নানা ধরনের সমিতি নিবন্ধন দিয়েও অর্থ উপার্জন করে থাকে। এই সমস্ত অর্থ আবার রাষ্ট্রের কাজেই ব্যয় করা হয়। ◀ *শিখনফল-১*

ক. বাংলাদেশ সরকারের আয়ের প্রধান উৎস কয়টি? ১

খ. 'কৃষি ব্যাংকের প্রধান উদ্দেশ্য দারিদ্র্য বিমোচন ও কর্ম-সংস্থান সৃষ্টি'— ব্যাখ্যা কর। ২

গ. লুনার ভাই বাংলাদেশ সরকারের কোন ধরনের আয়ের কথা উল্লেখ করেছেন তার ব্যাখ্যা দাও। ৩

ঘ. তুমি কি মনে কর বাংলাদেশ সরকারের এসব আয় ছাড়াও আয় বৃদ্ধির জন্য কতিপয় পদক্ষেপ গ্রহণ করা উচিত? পাঠ্যপুস্তকের আলোকে মতামত দাও। ৪

#### ৩ নং প্রশ্নের উত্তর

**ক** বাংলাদেশ সরকারের আয়ের প্রধান উৎস ২টি।

**খ** বাংলাদেশ কৃষি ব্যাংক বাংলাদেশের দারিদ্র্য বিমোচন ও জনসাধারণের কর্মসংস্থান সৃষ্টিতে ব্যাপক ভূমিকা পালন করে থাকে।

এই ব্যাংক কৃষির উৎপাদন বৃদ্ধির জন্যে কৃষকদের স্বল্প, মধ্যম ও দীর্ঘমেয়াদি ঋণ প্রদান করে থাকে। হালের বলদ, বীজ, সার, কৃষি যন্ত্রপাতির ক্রয়, পানি সেচের জন্য শক্তিচালিত পাম্প প্রভৃতি কাজের জন্যে ঋণ প্রদান করে। এছাড়াও হাঁস-মুরগি পালন, ফল ও ফুলের চাষ, কুটির শিল্পের জন্য এই ব্যাংক ঋণ প্রদান করে থাকে। এই সব ঋণ প্রদানের অন্যতম এবং প্রধান উদ্দেশ্য দারিদ্র্য বিমোচন ও কর্মসংস্থান সৃষ্টি।

*সুপার টিপস্: প্রয়োগ ও উচ্চতর দক্ষতার প্রশ্নের উত্তরের জন্য অনুরূপ যে প্রশ্নের উত্তরটি জানা থাকতে হবে—*

**গ** বাংলাদেশ সরকারের কর-বহির্ভূত রাজস্বের উৎসগুলো ব্যাখ্যা কর।

**ঘ** সরকারি আয়ের উৎসসমূহ বিশ্লেষণ কর।

**প্রশ্ন ▶৪** সোলায়মান সাহেব সিলেটের অধিবাসী। তার চায়ের বাগান আছে। এ চা তিনি বিদেশে বিক্রয় করেন এবং পাঠানোর জন্য সরকারকে নির্দিষ্ট পরিমাণ টাকা দিয়ে থাকেন। এভাবে সরকার জনগণের কাছ থেকে বিভিন্ন উন্নয়ন কর্মকাণ্ড পরিচালনায় অর্থ সংগ্রহ করেন। ◀ *শিখনফল-১*

ক. কোন আমানতের অর্থ যে কোনো সময় তোলা যায়? ১

খ. ব্যাংককে কেন ঋণের কারবারি বলা হয়? ২

গ. সোলায়মান সাহেব সরকারকে কোন ধরনের কর দেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. সরকারের উন্নয়ন কর্মকাণ্ড পরিচালনায় এ ধরনের কাজের গুরুত্ব মূল্যায়ন কর। ৪

#### ৪ নং প্রশ্নের উত্তর

**ক** চলতি আমানতের অর্থ যেকোনো সময় তোলা যায়।

**খ** ঋণদান কর্মসূচির মাধ্যমে মুনাফা অর্জন করে ব্যাংক পরিচালিত হয় বলে ব্যাংককে ঋণের কারবারি বলা হয়।

ব্যাংক আমানত সংগ্রহ করে। এই আমানতের অর্থই ব্যাংক ঋণ হিসেবে প্রদান করে। সঞ্চিত আমানতের ওপর ব্যাংক যে সুদ দেয় তা ঋণগ্রহীতার নিকট থেকে ব্যাংক সে সুদ নেয় তার চেয়ে কম। এভাবে ব্যাংক মুনাফা অর্জন করে। অর্থাৎ এক্ষেত্রে ব্যাংক হলো ঋণের কারবারি।

*সুপার টিপস্: প্রয়োগ ও উচ্চতর দক্ষতার প্রশ্নের উত্তরের জন্য অনুরূপ যে প্রশ্নের উত্তরটি জানা থাকতে হবে—*

**গ** বাণিজ্য শুল্ক সম্পর্কে ধারণা দাও।

**ঘ** সরকারের উন্নয়ন কর্মকাণ্ড পরিচালনায় রাজস্ব করের অবদান আলোচনা কর।

## ➤ অনুশীলনের জন্য আরও প্রশ্ন

**প্রশ্ন ▶৫** ড. স্বপন চৌধুরী একজন অর্থনীতির শিক্ষক। তিনি সম্প্রতি সরকারের আয়-ব্যয়ের ওপর একটি গবেষণামূলক সুপারিশমালা দেওয়ার দায়িত্ব পেয়েছেন। তাই তিনি গবেষণা কাজের জন্য সরকারের বিভিন্ন আয় ও ব্যয়ের খাত সম্পর্কে অনুসন্ধান করেন ও একটি সুপারিশ তৈরি করেন। এতে তিনি উল্লেখ করেন বাংলাদেশে আয়ের তুলনায় ব্যয় বেশি। এজন্য আয়ের খাত বাড়ানোর সুপারিশ করেন। ◀ *শিখনফল-১ ও ২*

ক. চিহ্নিত মুদ্রা কী? ১

খ. সম্পূরক শুল্কের ব্যাখ্যা দাও। ২

গ. ড. স্বপন চৌধুরী সরকারের আয় বৃদ্ধির জন্য কোন খাতগুলোকে চিহ্নিত করেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'বাংলাদেশে ব্যয়ের তুলনায় আয় কম'— সরকারের আয়ের খাতগুলো বিশ্লেষণ পূর্বক উদ্দীপকের তথ্যের যথার্থতা প্রমাণ কর। ৪

**প্রশ্ন ▶৬** প্রেক্ষাপট-১ ঃ নারী উদ্যোক্তা মিসেস সালেহার একটি বুটিক কারখানা ও দোকান আছে। ঐ সকল প্রতিষ্ঠান থেকে প্রতিবছর যে আয় করেন তা হিসেব করে সরকারকে কর প্রদান করেন।

প্রেক্ষাপট-২ঃ ধনাঢ্য ব্যবসায়ী নূরুল হক একজন আমদানি ও রপ্তানিকারক। তিনি তার কার্যক্রমে যথাযথ রাজস্ব দেন না। ◀ *শিখনফল-১*

ক. কেন্দ্রীয় ব্যাংকের অন্যতম প্রধান কাজ কোনটি? ১

খ. ব্যাংককে কেন ঋণের কারবারি বলা হয়? ২

গ. মিসেস সালেহা কোন ধরনের কর প্রদান করেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. প্রেক্ষাপট-২ এর কার্যক্রম যথাযথ বাস্তবায়ন হলেই কি সরকারের আয় পরিপূর্ণ হবে? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

# নিজেকে যাচাই করি

## সৃজনশীল বহুনির্বাচনি প্রশ্ন

সময়: ৩০ মিনিট; মান-৩০

**১. 'সরকারি অর্থব্যবস্থা সরকারের আয়-ব্যয় এবং এদের একটির সঙ্গে অপরটির সমন্বয় বিধানের কার্যাবলি আলোচনা করে।'— কার মত?**
ক) অধ্যাপক ডাল্টন খ) র‌্যাগনার নার্কস
গ) অধ্যাপক মার্শাল ঘ) কার্ল মার্কস

**২. রিমা একজন আইনজীবী। সে আয়ের ওপর প্রতি বছর সরকারকে কর প্রদান করে। রিমার প্রদত্ত কর কী ধরনের কর?**
ক) মূল্য সংযোজন কর খ) সম্পূরক শুল্ক
গ) আবগারি শুল্ক ঘ) আয়কর

**৩. ভ্যাট আরোপের পরও অতিরিক্ত যে সকল শুল্ক আরোপ করা হয় তাকে কী বলে?**
ক) মূল্য সংযোজন কর খ) বাণিজ্য শুল্ক
গ) সম্পূরক শুল্ক ঘ) আবগারি শুল্ক

**৪. অনুন্নত দেশের জাতীয় উৎপাদনের একক বৃহত্তম খাত কোনটি?**
ক) শিল্প খ) সেবা
গ) কৃষিজ ঘ) ব্যবসা

**৫. ব্যাংক টিকে থাকে—**
ক) মুনাফার উপর ভিত্তি করে
খ) মানুষের চাকরির নিশ্চয়তা দিয়ে
গ) নিয়মিত ঋণ প্রদান করে
ঘ) সরকারের ট্যাক্স পরিশোধ করে

**৬. সরকার বিপুল পরিমাণ অর্থ ব্যয় করে—**
i. দেশ রক্ষায়
ii. অর্থনৈতিক উন্নয়ন কর্মকাণ্ডে
iii. প্রশাসন পরিচালনায়
**নিচের কোনটি সঠিক?**
ক) i খ) ii
গ) i ও iii ঘ) i, ii ও iii

**উদ্দীপকটি পড়ে ৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দাও:**
দরিদ্র গৃহবধু জামিলা খাতুন যুব উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্র থেকে সেলাই-এর ওপর প্রশিক্ষণ নিয়ে কোনো বন্ধকী ছাড়াই ব্যাংক থেকে ঋণ নিয়ে একটি সেলাই মেশিন ক্রয় করেন। এখন জামিলা অর্থনৈতিকভাবে স্বাবলম্বী।

**৭. জামিলা খাতুন যে ব্যাংক থেকে ঋণ গ্রহণ করে তার নাম কী?**
ক) বাণিজ্যিক ব্যাংক খ) শিল্প ব্যাংক
গ) সমবায় ব্যাংক ঘ) গ্রামীণ ব্যাংক

**৮. জামিলা খাতুন যে ব্যাংক থেকে ঋণ নেন সেই ব্যাংকের প্রধান কাজ হলো—**
i. বিনা জামানতে ব্যাংকিং সুবিধা প্রদান করা
ii. স্ব-কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা
iii. মক্কেলদের কাছ থেকে আমানত গ্রহণ করা
**নিচের কোনটি সঠিক ?**
ক) i ও iii খ) ii ও iii
গ) i ও ii ঘ) i, ii ও iii

**৯. সরকারি আয়-ব্যয় সংক্রান্ত নীতি ও পদ্ধতিকে কী বলে?**
ক) ব্যাংক ব্যবস্থা খ) প্রশাসন ব্যবস্থা
গ) সরকারি অর্থ ব্যবস্থা ঘ) নিরাপত্তা ব্যবস্থা

**১০. সরকার জনগণের সেবা বাবদ আয়কর ব্যতীত যে রাজস্ব আদায় করে তাকে কী বলে?**
ক) টোল খ) লেভি
গ) ভাড়া ঘ) ইজারা

**১১. প্রগতিশীল হারে আয়কর আদায় করা হয় কার কাছ থেকে?**
ক) যার আয় একটি নির্দিষ্ট সীমার নিচে
খ) যার আয় একটি নির্দিষ্ট সীমার ঊর্ধ্বে
গ) যার আয় একটি নির্দিষ্ট সীমার সমান
ঘ) যার আয় একটি সন্তোষজনক অবস্থায় আছে

**১২. টোল প্রদান করতে হয়—**
i. উড়াল সড়ক ব্যবহারের জন্য
ii. সেতু ব্যবহারের জন্য
iii. যানবাহন ব্যবহারের জন্য
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**১৩. জনসাধারণকে সরকারের অর্থনৈতিক সেবা প্রদানের উল্লেখযোগ্য মাধ্যম হলো—**
i. পর্যটন
ii. ব্যাংকিং
iii. ভ্রমণ
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**উদ্দীপকটি পড়ে ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও:**
- টোল
- লেভি
- রেজিস্ট্রেশন
- আবগারি শুল্ক

**১৪. উদ্দীপকে কোন দুটি উৎস কর বহির্ভূত?**
ক) আবগারি ও রেজিস্ট্রেশন
খ) টোল ও লেভি
গ) রেজিস্ট্রেশন ও রেলওয়ে
ঘ) সুদ ও আবগারি

**১৫. উদ্দীপকের আবগারি শুল্কের ক্ষেত্রে প্রযোজ্য—**
i. ক্ষতিকর দ্রব্যের আরোপিত কর
ii. আমদানি পণ্যের আরোপিত কর
iii. দেশিয় উৎপাদিত পণ্যের কর
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

**১৬. কোন কাজের জন্যে সরকারকে দেশ-বিদেশ হতে ঋণ গ্রহণ করতে হয়?**
ক) স্কুল কলেজ তৈরির জন্যে
খ) আগ্নেয়াস্ত্র কেনার জন্যে
গ) উন্নয়নমূলক কাজের জন্যে
ঘ) সার ও কীটনাশক ক্রয়ের জন্যে

**১৭. বর্তমান সরকারের ব্যয় বৃদ্ধি করার কারণ কী?**
ক) পূর্বের তুলনায় সরকারের ব্যয় কমেছে
খ) দেশে জনসংখ্যা বৃদ্ধি পেয়েছে
গ) ব্যয়ের খাত বৃদ্ধি পেয়েছে
ঘ) মানুষের জীবনযাত্রার মান বৃদ্ধি পেয়েছে

**১৮. যেসব বৈদেশিক বিষয়াবলির ক্ষেত্রে সরকার প্রতি বছর প্রচুর অর্থ ব্যয় করে—**
i. বিদেশের সাথে সম্পর্ক স্থাপন
ii. বিমানবন্দর পরিচালনা
iii. দূতাবাস পরিচালনা
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**১৯. ব্যাংককে কীসের কারবারি বলা হয়?**
ক) সুদের খ) মুনাফার
গ) ঋণের ঘ) লেনদেনের

**২০. ঋণ গ্রহীতার প্রদেয় সুদ এবং সঞ্চয়কারীর প্রাপ্ত সুদের পার্থক্যকে কী বলে?**
ক) সুদ খ) মুনাফা
গ) ঋণ ঘ) আমানত

**২১. কোন আমানত থেকে সপ্তাহে এক বা দুই বার অর্থ উত্তোলন করা যায়?**
ক) চলতি আমানত খ) সঞ্চয়ী আমানত
গ) স্থায়ী আমানত ঘ) মেয়াদী আমানত

**২২. কোন আমানত একটি নির্দিষ্ট সময় অতিক্রান্ত হওয়ার পর তোলা যায়?**
ক) চলতি আমানত খ) সঞ্চয়ী আমানত
গ) স্থায়ী আমানত ঘ) বিশেষ আমানত

**২৩. কোন আমানত থেকে সপ্তাহে এক বা দুইবার অর্থ উত্তোলন করা যায়?**
ক) চলতি আমানত খ) সঞ্চয়ী আমানত
গ) স্থায়ী আমানত ঘ) বিশেষ আমানত

**২৪. বাণিজ্যিক ব্যাংকের কাজ হলো—**
i. আমানত গ্রহণ
ii. নিকাশ ঘর হিসেবে কাজ করা
iii. বৈদেশিক বাণিজ্যে সহায়তা
**নিচের কোনটি সঠিক?**
ক) ii ও iii খ) i ও ii
গ) i ও iii ঘ) i, ii ও iii

**উদ্দীপকটি পড়ে ২৫ ও ২৬ নং প্রশ্নের উত্তর দাও:**
এনামুল হক ভারতে যাওয়ার সময় বাংলাদেশের একটি ব্যাংক থেকে চেক নিয়ে গিয়ে ওখানে ভাঙিয়ে ভ্রমণ কাজ শেষ করে আসেন।

**২৫. এনামুল হক কোন ব্যাংক থেকে চেক নিয়েছিলেন?**
ক) কেন্দ্রীয় ব্যাংক খ) বাণিজ্যিক ব্যাংক
গ) শিল্প ব্যাংক ঘ) কৃষি ব্যাংক

**২৬. উক্ত ব্যাংকের আরও কাজ হলো—**
i. কাগজী মুদ্রা প্রচলন করা
ii. মুদ্রা ব্যবস্থা স্থিতিশীল রাখা
iii. হুন্ডি ভাঙিয়ে দেয়া
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) ii ও iii
গ) iii ঘ) ii ও iii

**২৭. অন্যান্য ব্যাংককে তাদের মূলধনের নির্দিষ্ট অংশ কোথায় জমা রাখতে হয়?**
ক) সরকারি কোষাগারে খ) কেন্দ্রীয় ব্যাংকে
গ) বিশ্ব ব্যাংকে ঘ) অর্থ মন্ত্রণালয়ে

**২৮. কেন্দ্রীয় ব্যাংক কর্তৃক প্রচলিত মুদ্রা কী নামে পরিচিত?**
ক) জনসাধারণের মুদ্রা খ) বিহিত মুদ্রা
গ) বাহক মুদ্রা ঘ) বিনিময় মুদ্রা

**২৯. কেন্দ্রীয় ব্যাংককে বলা হয়—**
i. সরকারের ব্যাংক
ii. অন্যান্য ব্যাংকের ব্যাংক
iii. সর্বশেষ পর্যায়ের ঋণদাতা
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**৩০. সাদিয়া খাতুন গ্রামীণ ব্যাংকের সেবা নিতে গিয়ে দেখলেন এটি অন্যান্য ব্যাংক থেকে আলাদা। এ পার্থক্য কোন ক্ষেত্রে লক্ষণীয়?**
ক) ঋণ দানের
খ) সঞ্চয় প্রবণতার
গ) আর্থিক সহযোগিতার
ঘ) সরকারকে ঋণ প্রদানের

## সৃজনশীল রচনামূলক প্রশ্ন

সময়: ২ ঘণ্টা ৩০ মিনিট; মান-৭০

**১.▶** 'ক' ও 'খ' উভয় ব্যাংকই বিনিময়ের মাধ্যম সৃষ্টি করে। তবে 'খ' ব্যাংক যে মাধ্যম সৃষ্টি করে তা জনগণ গ্রহণ করতে বাধ্য নয়। আবার উভয়ই ঋণ বিতরণ করে। তবে 'ক' ব্যাংক সরাসরি জনগণের মধ্যে ঋণ বিতরণ করে না। ঋণ প্রদান করে মূলত 'খ' এর মতো ব্যাংকগুলোকে।

ক. রেজিস্ট্রেশন ফি সরকারের কোন ধরনের রাজস্বের অন্তর্ভুক্ত? ১
খ. সরকার ব্যয় করে কেন? বুঝিয়ে লেখো। ২
গ. উদ্দীপকে 'খ' ব্যাংকের কার্যাবলির বর্ণনা দাও। ৩
ঘ. বাংলাদেশের প্রেক্ষিতে অর্থনৈতিক অগ্রগতিতে 'ক' ব্যাংকের ভূমিকা মূল্যায়ন কর। ৪

**২.▶** জনাব আব্দুস সালাম বাংলাদেশের একজন স্বনামধন্য শিল্পপতি। তিনি সরকারের যথাযথ কর্তৃপক্ষের অনুমতি নিয়ে একটি ব্যাংক প্রতিষ্ঠা করেন। তার উদ্দেশ্য হচ্ছে বাংলাদেশের সর্বত্র জনগণকে আর্থিক সুবিধা প্রদান করা। তার ব্যাংকের কাজ হলো জনগণের সঞ্চিত অর্থ বিভিন্ন মেয়াদে জমা রেখে ব্যবসায়ী, শিল্প উদ্যোক্তা ও আবাসন প্রকল্পে ঋণ প্রদান করা। এছাড়া তার ব্যাংক গ্রাহকদের সুবিধার্থে বন্ড, স্টক, শেয়ার, ডিবেঞ্চার ক্রয়-বিক্রয় করে থাকে।

ক. বাংলাদেশ সরকারের ব্যয়ের অন্যতম প্রধান খাত কোনটি? ১
খ. কেন্দ্রীয় ব্যাংককে সর্বশেষ পর্যায়ের ঋণদাতা বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. জনাব আব্দুস সালামের প্রতিষ্ঠিত আর্থিক প্রতিষ্ঠানটি কোন ধরনের ব্যাংকের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩
ঘ. তার প্রতিষ্ঠিত ব্যাংকটিকে কোন অর্থে ঋণের কারবারি বলা যায়? আলোচনা কর। ৪

**৩.▶**

| ব্যাংকের নাম | কাজ ও উদ্দেশ্য |
|---|---|
| ক | মুদ্রা ছাপানো, দেশের অর্থনৈতিক কর্মকাণ্ড গতিশীল রাখা |
| খ | ঋণ প্রদান ও মুনাফা অর্জন |
| গ | বিশেষ উদ্দেশ্যে ঋণ প্রদান |

ক. অধ্যাপক ডালটন এর মতে সরকারি অর্থব্যবস্থা কাকে বলে? ১
খ. কেন্দ্রীয় ব্যাংক ও বাণিজ্যিক ব্যাংকের মধ্যে পার্থক্য লিখ। ২
গ. উদ্দীপকের ক চিহ্নিত ব্যাংকটি উক্ত কাজ ছাড়াও আরও কী কী কাজ সম্পাদন করে বলে মনে কর? ব্যাখ্যা কর। ৩
ঘ. খ ও গ চিহ্নিত ব্যাংকের মধ্যে তুলনামূলক চিত্র বিশ্লেষণ কর। ৪

**৪.▶**অপসোনিন ঔষধ কোম্পানি তার উৎপাদিত ঔষধ দ্বারা দেশের চাহিদা মেটাতে আপ্রাণ চেষ্টা করছে। কোম্পানি কর্তৃপক্ষ বিদেশ হতে আরো আধুনিক মেশিনারিজ আমদানি করে উৎপাদন বাড়ানোর উদ্যোগ নিচ্ছে।

ক. "চিহ্নিত মুদ্রা" কী? ১
খ. কেন্দ্রীয় ব্যাংক কীভাবে ঋণ নিয়ন্ত্রণ করে? ২
গ. অপসোনিন ঔষধ কোম্পানি দেশের অভ্যন্তরে ঔষধ বিক্রি বাবদ সরকারকে যে কর প্রদান করে, তা কী ধরনের কর? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত কোম্পানি বিদেশ হতে মেশিনারিজ আমদানি করার ফলে প্রদত্ত করও কি একই ধরনের কর? তোমার উত্তরের সপক্ষে যুক্তি প্রদর্শন কর। ৪

**৫.▶** 'শাপলা' ও 'দোয়েল' দুটো আর্থিক প্রতিষ্ঠান। 'ক' আর্থিক প্রতিষ্ঠান সরকারের প্রতিনিধি হিসেবে বিনা খরচে বিভিন্ন উৎস থেকে সরকারের পাওনা আদায় এবং বিভিন্ন খাতে সরকারের দেনা পরিশোধ করে। 'খ' প্রতিষ্ঠান বিভিন্ন কার্যক্রম পরিচালনা করে অর্থনীতির উন্নয়নে সহায়তা করে।

ক. দেশের সীমান্ত রক্ষা ও চোরাচালান রোধের জন্য কোন বাহিনী গড়ে তোলা হয়েছে? ১
খ. বাণিজ্য শুল্ক বলতে কী বোঝায়? ২
গ. 'শাপলা' ও 'দোয়েল' আর্থিক প্রতিষ্ঠানের স্বরূপ ব্যাখ্যা কর। ৩
ঘ. 'খ' আর্থিক প্রতিষ্ঠান কীভাবে অর্থনৈতিক উন্নয়নে সহায়তা করে? বিশ্লেষণ কর। ৪

**৬.▶** রাকিব একটি আর্থিক প্রতিষ্ঠানে কাজ করে যেটি অর্থ সংক্রান্ত নীতি প্রণয়নের পাশাপাশি ঋণ নিয়ন্ত্রণ করে। তবে এটি জনসাধারণকে ঋণ দেয় না। রাকিবের বন্ধু আরিফ যে আর্থিক প্রতিষ্ঠানে কাজ করে সেটি জনসাধারণের কাছ থেকে আমানত গ্রহণ করে এবং অন্যদেরকে ঋণ দেওয়ার মাধ্যমে মুনাফা অর্জন করে।

ক. VAT কী? ১
খ. আবগারি ও বাণিজ্য শুল্ক ব্যাখ্যা কর। ২
গ. রাকিব যেখানে কর্মরত সেই আর্থিক প্রতিষ্ঠান কোন ধরনের কার্যক্রম সম্পাদন করে ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত আর্থিক প্রতিষ্ঠান দুটির মধ্যে তুমি কী ধরনের পার্থক্য দেখতে পাও- বিশ্লেষণ কর। ৪

**৭.▶** 'X' ব্যাংক বেকার যুবকদের স্বল্প মেয়াদী ঋণ প্রদান করে মৎস্য চাষের মাধ্যমে বেকারত্বের অভিশাপ থেকে মুক্ত হতে সহায়তা করছে। 'Y' ব্যাংকও ব্যবসায়ী শিল্পপতিদের দীর্ঘ মেয়াদী ঋণ প্রদান করে ব্যবসা বাণিজ্যকে গতিশীল রাখছে।

ক. বাংলাদেশ সরকারের আয়ের প্রধান উৎস কোনটি? ১
খ. কেন্দ্রীয় ব্যাংককে অন্যান্য ব্যাংকের ব্যাংক বলা হয় কেন? ২
গ. 'X' ব্যাংকটির কার্যাবলি ব্যাখ্যা কর। ৩
ঘ. 'X' ও 'Y' ব্যাংকের ঋণ প্রদান কার্যক্রম বাংলাদেশের অর্থনীতির উন্নয়নে কীভাবে সহায়তা করছে বলে তুমি মনে কর? মতামত দাও। ৪

**৮.▶**রাকা এমন একটি ব্যাংকে চাকরি করেন যাকে অন্যান্য ব্যাংকের ব্যাংক বলা হয়। রাকার প্রতিবেশী এক গরিব কৃষক ব্যাংক থেকে ঋণ নেওয়ার জন্য রাকার কাছে পরামর্শ নিতে আসলে রাকা তাকে এমন এক ব্যাংকের কথা বলেন যে ব্যাংক বিভিন্ন মেয়াদি ঋণ দান করে।

ক. স্ব-কর্মসংস্থান কাকে বলে? ১
খ. বাংলাদেশ সরকারের আয়ের প্রধান উৎসটির বর্ণনা দাও। ২
গ. রাকা যে ব্যাংকে চাকরি করেন উক্ত ব্যাংকের অন্যতম প্রধান কাজটি ব্যাখ্যা কর। ৩
ঘ. রাকা তার প্রতিবেশী কৃষককে যে ব্যাংকের কথা বললেন তা দারিদ্র্য বিমোচনে ভূমিকা রাখে— বিশ্লেষণ কর। ৪

**৯.▶**দৃশ্যকল্প-১ : রসূলপুর গ্রামে ভূমিহীন কৃষকের সংখ্যা অনেক বেশি থাকার কারণে সেখানকার জীবনযাত্রার মান খুবই খারাপ। এ কারণে একটি বিশেষ ব্যাংকের কিছু কর্মকর্তা সেখানে গিয়ে কোনো কিছু বন্ধক রাখা ছাড়াই ঋণ প্রদান করে স্বকর্মসংস্থানের ব্যবস্থা করেন।

দৃশ্যকল্প-২ : মাননীয় অর্থমন্ত্রী একটি সেমিনারে বললেন, যাদের মাসিক গড় আয় ১৬ হাজার টাকা তাদের সবাইকে দেশের উন্নয়নের জন্য কর দিতে হবে।

ক. আবগারি শুল্ক কী? ১
খ. আবগারি শুল্ক বলতে কী বোঝ? ২
গ. দৃশ্যকল্প-১ কোন ব্যাংকের কার্যক্রমের কথা বলা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. দৃশ্যকল্প-২ এ উল্লেখিত উৎস থেকে প্রাপ্ত অর্থ কী সরকারের ব্যয় নির্বাহের জন্য যথেষ্ট বলে মনে কর? উত্তরের স্বপক্ষে যুক্তি দাও। ৪

**১০.▶** আসিফের বাবা নিজের বাসা করার জন্য রংপুর শহরে ৬ শতক জমি ক্রয় করেন। দলিল সম্পাদনের জন্য তিনি বিশেষ সিলমোহরকৃত বিশ হাজার টাকার স্ট্যাম্প ক্রয় করেন। অপরদিকে আসিফের চাচা গৃহনির্মাণের জন্য একটি সরকারি ব্যাংক থেকে ঋণ গ্রহণ করেন এবং এ জন্য ব্যাংক তার কাছ থেকে একটি নির্দিষ্ট অংকের সুদ আদায় করে।

ক. দেশের সর্বোচ্চ আর্থিক প্রতিষ্ঠান কোনটি? ১
খ. ঋণ প্রদান বাণিজ্যিক ব্যাংকের গুরুত্বপূর্ণ কাজ-ব্যাখ্যা কর। ২
গ. আসিফের বাবা দলিল সম্পাদনের জন্য যে ফি প্রদান করেন তা সরকারের কোন ধরনের আয়ের উৎস, ব্যাখ্যা কর। ৩
ঘ. আসিফের বাবা এবং চাচার কাছ থেকে সরকার যে অর্থ আয় করে তার উৎস ভিন্ন-মতামত প্রদান কর। ৪

**১১.▶** লাভলী একজন গৃহকর্মী ছিলো। এর থেকে তার যে আয় হতো তার কর সরকারকে প্রদান করতে হতো না। পরবর্তীতে সে একটি ব্যতিক্রমধর্মী ব্যাংক হতে ১ লক্ষ টাকা ঋণ নিয়ে একটি সেলাই মেশিন ও কিছু কাঁচামাল ক্রয় করে। এর ফলে তার আত্মকর্মসংস্থান সৃষ্টি হয়।

ক. মুদ্রা প্রচলন করে কোন ব্যাংক? ১
খ. বাণিজ্যিক ব্যাংকের হুন্ডি বা বিনিময় বিল ভাঙানোর পদ্ধতিটি লিখ। ২
গ. লাভলীকে তার আয়কর প্রদান করতে হতো না কেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের 'ব্যতিক্রমধর্মী' ব্যাংকটির কার্যাবলি লিখ। ৪

## সৃজনশীল বহুনির্বাচনি | মডেল প্রশ্নপত্রের উত্তর

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ক | ২ | ঘ | ৩ | গ | ৪ | গ | ৫ | ক | ৬ | ঘ | ৭ | ঘ | ৮ | গ | ৯ | গ | ১০ | ক | ১১ | খ | ১২ | ক | ১৩ | ঘ | ১৪ | খ | ১৫ | গ |
| ১৬ | গ | ১৭ | গ | ১৮ | খ | ১৯ | গ | ২০ | খ | ২১ | খ | ২২ | গ | ২৩ | খ | ২৪ | গ | ২৫ | খ | ২৬ | ঘ | ২৭ | খ | ২৮ | খ | ২৯ | ঘ | ৩০ | ক |